# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২৭৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯৯. সূর্য উপরে থাকতে দু’ রাক‘আত সালাতের অনুমতি প্রসঙ্গে

باب مَنْ رَخَّصَ فِيهِمَا إِذَا كَانَتِ الشَّمْسُ مُرْتَفِعَةً

আরবী

حَدَّثَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا أَبَانُ، حَدَّثَنَا قَتَادَةُ، عَنْ أَبِي الْعَالِيَةِ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ شَهِدَ عِنْدِي رِجَالٌ مَرْضِيُّونَ فِيهِمْ عُمَرُ بْنُ الْخَطَّابِ وَأَرْضَاهُمْ عِنْدِي عُمَرُ أَنَّ نَبِيَّ اللهِ صلى الله عليه وسلم قَالَ " لاَ صَلاَةَ بَعْدَ صَلاَةِ الصُّبْحِ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ وَلاَ صَلاَةَ بَعْدَ صَلاَةِ الْعَصْرِ حَتَّى تَغْرُبَ الشَّمْسُ " .

ـ صحيح : ق

বাংলা

১২৭৬। ইবনু ’আব্বাস রাযিয়াল্লাহু ’আনহুমা সূত্রে বর্ণিত। তিনি বলেন, কতিপয় আল্লাহর প্রিয় লোক আমার কাছে সাক্ষ্য দেন, ’উমার ইবনুল খাত্তাব (রাঃ) ছিলেন তাদের একজন। মূলতঃ আমার নিকট ’উমার (রাঃ) ছিলেন তাদের মধ্যকার অধিক আল্লাহর প্রিয়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ফজরের পর সূর্যোদয় পর্যন্ত কোনো সালাত নেই এবং ’আসরের পর সূর্যাস্ত পর্যন্ত কোনো সালাত নেই।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

## English

Narrated Abdullah ibn Abbas:

Some reliable people testified before me, and among them was Umar ibn al-Khattab, and most reliable in my eyes was Umar: The Prophet of Allah (ﷺ) said: There is no prayer after the dawn prayer until the sun rises; and there is no prayer after the 'Asr prayer until the sun sets.

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : ওয়াক্তসমূহ, অনুঃ ফজরের পর সূর্য উঠার পূর্বে সালাত আদায়, হাঃ ৫৮১), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত ও ক্বাসর করা, অনুঃ যে সময়গুলোতে সালাত আদায় করতে নিষেধ করা হয়েছে) ইবনু ‘আব্বাস সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58594

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন